

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১১.০২৩.১৯- ৮৭০

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ।
২৯ জুন, ২০২২ খ্রিস্টাব্দ।


বিষয়: রাজশাহী জেলার বাঘা পৌরসভায় জনবল নিয়োগ বিষয়ে ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র: মেয়র, বাঘা পৌরসভা কার্যালয়ের স্মারক নং-১৭০, তারিখ: ১৩/০৬/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মাননীয় হাইকোর্ট বিভাগ স্থানীয় সরকার বিভাগের ০৬ জুন, ২০২২ খ্রি: তারিখের ৬৯৭ নং পত্রে বাঘার পৌরসভার নিয়োগ কার্যক্রম বন্ধের আদেশটি ০৬ (ছয়) মাসের জন্য স্থগিত করা হয়েছে। কিন্তু উক্ত কর্মচারী নিয়োগের জন্য প্রদত্ত ছাড়পত্রের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হওয়ায় মেয়র, বাঘা পৌরসভা ছাড়পত্রের মেয়াদ আরো ০৬(ছয়) মাস বৃদ্ধির জন্য অনুরোধ জানিয়েছেন (সংযুক্তি-০১)। তবে মেয়র, বাঘা পৌরসভার বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ, বাঘা পৌরসভার কর্মচারীদের বেতন-ভাতা বকেয়া থাকা এবং নিয়োগ কার্যক্রম সম্পর্কে অনিয়মের অভিযোগের বিষয় তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য এ বিভাগের যুগ্মসচিব (ন: উ:-২) জনাব মো: সবুর হোসেন-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে (সংযুক্তি-০২)।

০২। এমতাবস্থায়, মেয়র, বাঘা পৌরসভার নিকট হতে প্রাপ্ত পত্রটি সংযুক্তিসহ এ সাথে প্রেরণ করা হলো। মেয়র, বাঘা পৌরসভার বিরুদ্ধে জনবল নিয়োগসহ অন্যান্য অনিয়ম সংক্রান্ত অভিযোগের সাথে উক্ত বিষয়টিও তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


২৯/০৬/২০২২
(মো: আব্দুর রহমান)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

জনাব মো: সবুর হোসেন
যুগ্মসচিব (ন: উ:-২)
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মেয়র, বাঘা পৌরসভা, রাজশাহী।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ০৬। অফিস কপি।